

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়
কৃষি বিপণন অধিদপ্তর, বাগেরহাট।
www.dam.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

১. ভিশন ও মিশন

Vission: জাতীয় অধীনীতি শক্তিশালীকরণের উদ্দেশ্যে কৃষক, উৎপাদক, ব্যবসায়ী ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ব্যবস্থার (Agricultural Marketing System) উন্নয়ন ও সম্প্রসারণ।

Mission:

- কৃষিপণ্য প্রক্রিয়াজাত কৃষিপণ্য, কৃষিকার্যে ও কৃষি প্রক্রিয়াকরণে ব্যবহৃত পার্টস এন্ড মেশিনারিজ এবং সার, বীজ, বালাইনাশকসহ কৃষি উপকরণের বাজার দর, মজুদ বা গুদামজাতকরণ, পণ্যের গুণগতমান, মেয়াদ, মোড়কীকরণ ও সঠিক ওজনে ক্রেয়-বিক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ;
- কৃষিপণ্যের মূল্য নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
- কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়নের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- কৃষক ও কৃষিপণ্যের বাজার সংযোগ সৃষ্টি ও সৃষ্ট সরবরাহের প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- কৃষিপণ্যের সর্বনিম্ন মূল্য ও যৌক্তিক মূল্য নির্ধারণ ও বাস্তবায়ন;
- কৃষিপণ্যের মূল্য সংযোজন ও কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ কার্যক্রমে সহায়তা প্রদান;
- কৃষিপণ্য ও প্রক্রিয়াজাত কৃষিপণ্যের অভ্যন্তরীণ ও রপ্তানি বাজার সম্প্রসারণ;
- বাজার কারবারি অথবা কৃষি ব্যবসায়ী সংগঠন, সমিতি, সংস্থা, কৃষিভিত্তিক সংগঠন ও সমবায় সমিতিসমূহকে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, তালিকাভুক্তকরণ এবং প্রয়োজনে জাতীয় এবং জেলা পর্যায়ে কৃষিভিত্তিক সংগঠন সমূহের ক্ষেত্রবেশন অথবা কনসোর্টিয়াম গঠন;
- বিক্রয়ের উদ্দেশ্যে সুপারশপে সংরক্ষিত কৃষিপণ্যের গুণগতমান, নির্ধারিত মূল্য ও বিপণন কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও সংশ্লিষ্ট ব্যক্তিকে পরামর্শ প্রদান;
- কৃষিপণ্য ও কৃষি উপকরণের বিপণন কার্যক্রম সংক্রান্ত মান সংরক্ষণ, পরিদর্শন ও পরিবীক্ষণ;
- সৃষ্ট বিপণনের স্বার্থে কৃষিপণ্য উৎপাদন এলাকার বাজার অবকাঠামো, গুদাম, হিমাগার, কুল চেম্বার ইত্যাদি নির্মাণ ও ব্যবস্থাপণা জোরদারকরণ, এবং
- সর্বোপরি চাষীদের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ এবং ভোক্তা সহায়ক ভারসাম্যপূর্ণ অর্থনৈতিক ব্যবস্থা বিনির্মাণে কৃষি বিপণন আইন, ২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা, ২০২১ এর সফল বাস্তবায়ন।

